



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd


নং-৪৭.৬২.০০০০.৯৬৮.০০.৮৮০.০৯৩.১২- ০৯৬

তারিখঃ ২৯/৮/২০১৭ খ্রি:

বিষয়: ২০১৬-১৭ অর্থ বছরের নিরীক্ষা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পের ২০১৬-১৭ অর্থ বছরের নিরীক্ষা কার্যক্রম স্থানীয় ও রাজস্ব অধিদপ্তর কর্তৃক আগামী নভেম্বর/২০১৭ এ আরম্ভ হবে। নিরীক্ষা দলের নিকট প্রকল্পের লেনদেনসহ সার্বিক কার্যক্রমের প্রমানক উপস্থাপন করতে হবে। নিরীক্ষাকালে প্রকল্প কার্যক্রমের সঠিক প্রমানক উপস্থাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

- ১। প্রকল্পে যাবতীয় আর্থিক লেনদেনের হিসাব যেমন বিল ভাউচার, শার্টশীট, নগদান বহি, সাধারণ খতিয়ান, অগ্রিম খতিয়ান, কর্জের খতিয়ান, মজুদ রেজিস্টার, লগবহি, মাসিক ও বার্ষিক জমা-খরচ হিসাব ইত্যাদি হালনাগাদ থাকতে হবে।
- ২। ২০১৬-১৭ অর্থ বছরের মাসিক ও প্রকল্পের একিভূত বার্ষিক জমা-খরচ হিসাব প্রস্তুত করতে হবে যার সমাপনী স্থিতি ব্যাংক স্থিতির সাথে মিল থাকবে এবং প্রমানক হিসেবে ব্যাংক স্টেটমেন্ট সংযুক্ত থাকবে। এ ছাড়া প্রকল্প সদর দপ্তর থেকে প্রেরিত অর্থের ব্যয় বিবরণী প্রস্তুত করতে হবে।
- ৩। প্রকল্পের প্রাপ্তি-পরিশোধের বিল-ভাউচার ও খতিয়ান প্রকল্পের অভ্যন্তরিন নিরীক্ষা টিম কর্তৃক পরীক্ষা পরবর্তীত স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা টিমের নিকট উপস্থাপিত হবে।
- ৪। নিরীক্ষা কার্যক্রম পরিচালনা ও সম্পন্ন করার জন্য যাবতীয় বিল ভাউচার, নগদানবহি, সাধারণ খতিয়ান, কর্জের খতিয়ান ইত্যাদি প্রকল্প সদর দপ্তরে পাঠাতে হবে। এসংক্রান্ত দিন তারিখ টেলিফোনে যথা সময়ে অবহিত করা হবে।
- ৫। হালনাগাদ হিসাব সম্পাদনের পর বিষয়টি প্রকল্প দপ্তরকে অবহিত করতে এবং এ সংক্রান্ত প্রক্রিয়াগত কোন স্পষ্টীকরণের প্রয়োজনীয়তায় প্রকল্পের সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) এর সাথে ০২-৮১৮৯০৩১/০১৭৫১৩৭৬৮৪৪ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।
- ৬। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র জারি করা হলো; ইহা অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।


মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপপ্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা :----- (প্রকল্পভুক্ত ৫৯টি উপজেলা)।
জেলাঃ ----- ।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপ পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলাঃ ----- (প্রকল্পভুক্ত ১৫টি জেলা)।
- ২। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), ইরেসপো, বিআরডিবি, ঢাকা (পত্রের নির্দেশনা তদারকির জন্য)।
- ৩। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৬। অফিস কপি।